Cambridge Assessment International Education

# Cambridge O Level

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| CANDIDATE NAME | | | | | | | | | |
| CENTRE NUMBER | | | | | | CANDIDATE NUMBER | | | | |

*6433656384*

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2020**

**1 hour 30 minutes**

You must answer on the question paper.

You will need: Insert (enclosed)

**INSTRUCTIONS**

- Answer **all** questions in **Bengali**.
- Use a black or dark blue pen.
- Write your name, centre number and candidate number in the boxes at the top of the page.
- Write your answer to each question in the space provided.
- Do **not** use an erasable pen or correction fluid.
- Do **not** write on any bar codes.
- Dictionaries are **not** allowed.

**INFORMATION**

- The total mark for this paper is 110.
- The number of marks for each question or part question is shown in brackets [ ].
- The insert contains the reading passages.

This document has **12** pages. Blank pages are indicated.


© UCLES 2020

## Section A
## বিভাগ : ক

**Separation of Words**

সন্ধিবিচ্ছেদ

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধিবিচ্ছেদ কর।

**1** হিমালয়

..... [2]

**2** নিরুপায়

..... [2]

**3** উচ্ছেদ

..... [2]

**4** সপ্তর্ষি

..... [2]

**5** পবন

..... [2]

**Idioms, Proverbs and Words in Pairs**
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া বাগধারা/প্রবচন/জোড়াশব্দের তালিকা থেকে সঠিক উত্তরটি বেছে কেবল তার **নম্বরটি** বসিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ কর।

| | |
|---|---|
| **(1)** উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে | **(6)** সবুরে মেওয়া ফলে |
| **(2)** গোড়ায় গলদ | **(7)** ঝিকে মেরে বৌকে শেখানো |
| **(3)** জাতে মাতাল তালে ঠিক | **(8)** বিনামেঘে বজ্রপাত |
| **(4)** বজ্র আঁটুনি ফস্কা গেরো | **(9)** খাল কেটে কুমির আনা |
| **(5)** কত ধানে কত চাল | **(10)** দয়াদাক্ষিণ্য |

**6** বন্ধুকে যতই এলেবেলে ভাব না কেন কাজের ব্যাপারে ওর হুঁশ টনটনে, ও কিন্তু .....! [2]

**7** এতদিন বাবার কাছে থাকায় কিছুই বুঝলে না এখন নিজের খরচ নিজে চালিয়ে দেখ .....! [2]

**8** ..... নিয়ে আর কতদিন চালাবে, নিজের পায়ে দাঁড়ানোটাই বুদ্ধিমানের কাজ নয় কি? [2]

**9** কাজটা যে শেষ পর্যন্ত পণ্ড হবে তা আগেই বোঝা গিয়েছিল কেননা এর ..... ছিল। [2]

**10** বন্ধুদের সামনে মা নিজের ছেলেকে বকে বাড়ির নিয়মের কথা জানিয়ে দিলেন, একেই বলে ..... । [2]

**Sentence Transformation**
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

**11** যদিও ঘড়িটা বেশ পুরনো কিন্তু আজও ঠিক সময় দেয়।

ঘড়িটা ..... । [2]

**12** তোমার ভালবাসাকে আমি কি মর্যাদা না দিয়ে পারি?

..... না। [2]

**13** স্কুল ছাত্রছাত্রীদের সাহসের এই দুর্লভ নজির কেউ কখনো ভুলতে পারবে না।

স্কুল ছাত্রছাত্রীদের..... । [2]

**14** তোমার এত ভালো কাজ দেখে সবাই খুশি।

..... ? [2]

**15** অনীশ বলল, " আগামী বুধবার মেলা বসবে না।"

অনীশ বলল যে ..... । [2]

**Cloze Passage**

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে এই অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ কর।

নকশী কাঁথা বাংলাদেশের ক্ষুদ্র শিল্পগুলোর মধ্যে অন্যতম এক ঐতিহ্যবাহী ঘরোয়া শিল্প। গ্রামাঞ্চলের ঘরে বসে থাকা মা-বোনেদের নিভৃতে বসে আপনমনে করা **(16)** _____ এই কাজ দেশের গণ্ডি ছাড়িয়ে আজ বিশ্বের দরবারে পৌঁছে গেছে। শতাব্দী পুরনো এই **(17)** _____ শুরু হয়েছিল অতি সাধারণ ঘরে আটপৌরে কাপড় ভাঁজ করে তার উপর ছোট ছোট সমান **(18)** _____ দিয়ে কাঁথা তৈরির মাধ্যমে। বর্ষায় বা শীতকালে ঘুমনোর সময় গায়ে দিতে এই কাঁথা **(19)** _____ করা হত। শুরুতে মহিলারা অবসর সময়ে পুরনো সাদা কাপড়ের উপর নিপুণ হাতে **(20)** _____ সুতো দিয়ে সূচের ফোঁড়ে মনের মাধুরী মিশিয়ে ফুটিয়ে তুলতেন চারপাশের প্রাকৃতিক দৃশ্য অর্থাৎ গাছপালা, ফুল, লতাপাতা, পশুপাখি এবং ঘরবাড়ির নকশা। কখনও আবার এই নকশায় ফুটে উঠত তাঁদের **(21)** _____ সুখদুঃখের নানান গল্প। পরবর্তীতে রঙিন কাপড়ের উপর বাহারী রঙের সুতো দিয়ে বিচিত্র ফুলকারি ছাড়াও নানান পৌরাণিক **(22)** _____ বর্ণিত হত গ্রামের মহিলাদের হাতের সূক্ষ্ম **(23)** _____ । ঘরে থাকা মা-বোনেদের মননের এবং হাতের তৈরী এই শিল্পের **(24)** _____ অচিরেই বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্যের মুখ্য **(25)** _____ হয়ে বয়ে যায় দেশ-বিদেশে। অনায়াসেই তা আদায় করে নেয় বিপুল সমাদর। ফলে এর ব্যবসায়িক সাফল্য এখন আকাশচুম্বী।

| | | |
|---|---|---|
| ব্যবহার | মহিমা | শিল্প |
| আচরণ | হাতের | জীবনের |
| ধারা | নিবিড় | ঐতিহ্য |
| কাহিনি | কর্মশালা | উপকার |
| সেলাই | রঙিন | কারুকাজে |

[20]

© UCLES 2020



**[Turn over**

## Section B
## বিভাগ : খ

### Multiple choice comprehension
বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

**প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া 1 নম্বর নিবন্ধটি পড়ে 26 থেকে 32 নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।**

**26** আজকের যুবসমাজ বই বিমুখ কেন?

| | | |
|---|---|---|
| **A** | | বই পড়াটা সেকেলে ধারণা। |
| **B** | | বইয়ের বাজারে খুব মন্দা যাচ্ছে। |
| **C** | | বৈদ্যুতিন মাধ্যম নিয়েই তারা ব্যস্ত থাকে। |
| **D** | | বই পড়ার মতো তারা শিক্ষিত নয়। |

[2]

**27** দ্বিতীয় অনুচ্ছেদ অনুযায়ী বই পড়ুয়াদের ক্ষেত্রে কোন তথ্যটি **সঠিক নয়**?

| | | |
|---|---|---|
| **A** | | সবাই রোজ নিয়মিত কোনো না কোনো বই পড়েই। |
| **B** | | বেশকিছু লোকজন সময়সুযোগ পেলেই বই পড়ে। |
| **C** | | কেউ কেউ বই পড়ে কাজে ফাঁকি দেওয়ার জন্য। |
| **D** | | অনেকে আবার কিছু করার থাকে না বলে বই পড়ে। |

[2]

**28** বই পড়ুয়ারা কী দেখে বই কিনতে বেশি আগ্রহী হয়?

| | | |
|---|---|---|
| **A** | | বাজারে বইয়ের বিজ্ঞাপন দেখে। |
| **B** | | বইয়ের বিষয়বস্তু এবং লেখকের নাম দেখে। |
| **C** | | বইয়ের নাম এবং দামটা দেখে। |
| **D** | | সামাজিক মাধ্যমে বইটির সমালোচনা পড়ে। |

[2]

© UCLES 2020

**29** বৈদ্যুতিন মাধ্যম তথা মোবাইল ফোনকে বইয়ের প্রতিদ্বন্দ্বী বলা হয়েছে কেন?

| | | |
|---|---|---|
| **A** | | তরুণসমাজের কাছে এই মাধ্যম বইয়ের চেয়ে বেশি টেকসই। |
| **B** | | এই মাধ্যম তরুণসমাজের কাছে বইয়ের তুলনায় সহজলভ্য। |
| **C** | | তরুণসমাজের কাছে এই মাধ্যম বইয়ের চেয়ে বেশি বিশ্বস্ত। |
| **D** | | তরুণসমাজ এই মাধ্যমগুলোতে প্রচুর সময় ব্যয় করে থাকে। |

[2]

**30** যুবসমাজের কাছে বইয়ের বৈদ্যুতিন সংস্করণ আকর্ষণীয় করে তুলতে প্রকাশনী সংস্থাগুলো -

| | | |
|---|---|---|
| **A** | | ওদের সব বই বিনামূল্যে নিয়মিত পড়তে দিচ্ছে। |
| **B** | | নানারকম বইয়ের লম্বা তালিকা চোখের সামনে রাখছে। |
| **C** | | বইয়ের বিষয়বস্তু নিয়ে একটা পরিষ্কার ধারণা দিচ্ছে। |
| **D** | | বইগুলো সকলের কাছে ই-মেলের মাধ্যমে পাঠাচ্ছে। |

[2]

**31** বইয়ের বৈদ্যুতিন সংস্করণের প্রধান সুবিধা হল -

| | | |
|---|---|---|
| **A** | | নিজের পছন্দমতো যতখুশি বই পড়া যায়। |
| **B** | | সেরা বইগুলো পড়ে ফেলা যায় চোখের নিমেষে। |
| **C** | | নতুন লেখকদের বইগুলো বিনামূল্যে পাওয়া যায়। |
| **D** | | পছন্দের বইয়ে নিজের খুশিমতো ছাড় পাওয়া যায়। |

[2]

**32** অদূর ভবিষ্যতে পাঠককুল ই-বইয়ের উপর নির্ভরশীল হবে কারণ -

| | | |
|---|---|---|
| **A** | | কাগজে ছাপা বই বাজারে পাওয়া যাবে না। |
| **B** | | পাঠকের কাছে সবসময় নতুন চমক আনবে। |
| **C** | | পছন্দের বই ইচ্ছেমতো ডাউনলোড করা যাবে। |
| **D** | | এই বই পড়তে কোনও পয়সা ব্যয় করতে হবে না। |

[2]

© UCLES 2020

## Section C
## বিভাগ : গ

**OE Comprehension**

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** নম্বর প্রশ্নের উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না। *(প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)।*

**33** লেখক কীভাবে উৎসবস্থলের বর্ণনা দিয়েছেন? **চারটির** উল্লেখ কর।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**34** এই নিবন্ধে 'স্ত্রী উটকে মরুদেশের গাভী' বলা হয়েছে - এর সপক্ষে **চারটি** কারণ দেখাও।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**35** প্রতিযোগিতায় দোহকরা বিচারকের কাছে কী কী অনুযোগ করেছিল? **চারটির** বর্ণনা দাও।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**36** লেখকের মতে মরু উৎসব কীভাবে বর্ণময় হয়ে উঠেছিল? **চারটির** বর্ণনা দাও।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**37** মরু উৎসবের কোন পর্বটি দেখার জন্য লেখক আগ্রহী ছিলেন এবং কেন? **তিনটি** কারণ দাও।

.....

.....

.....

.....

.....

.....

[6]

**38** উৎসবস্থল ছেড়ে আসাটা লেখকের কাছে বেশ কঠিন ছিল কেন? **চারটি** কারণ উল্লেখ কর।

.....

.....

.....

.....

.....

.....

[6]

## Vocabulary

শব্দার্থ
এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখ।

**39** রুক্ষ্ম

..... [2]

**40** সূচনা

..... [2]

**41** আনাড়ি

..... [2]

**42** সার্থক

..... [2]

**43** উদগ্রীব

..... [2]

**BLANK PAGE**

© UCLES 2020

**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge Assessment International Education Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge Assessment International Education is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which itself is a department of the University of Cambridge.

© UCLES 2020